গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
www.dgfood.gov.bd
www.food.sylhet.gov.bd

## দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এর অধীন ১২টি এলএসডির (সিলেট সদর ও খাদিমনগর এলএসডি ব্যতীত) খাদ্যশস্য, খাদ্যদ্রব্য, ভোজ্য তেল, খালি বস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য দ্রব্য সামগ্রীর শ্রম-হস্তার্পন কাজের জন্য ২০১৮-২০২০ মেয়াদে শ্রম ও হস্তার্পন ঠিকাদার নিয়োগকল্পে (প্রতিটি গুদামের জন্য ০১ জন করে) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/ বিভাগ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২. | সংগ্রাহক সত্তা | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট। |
| ৩. | দরপত্র আহ্বানকারী দপ্তর | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট। |
| ৪. | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | স্মারক নং-১৩.০১.৯১০০.০০৩.৩৪.০০৯.১৭.২৩৪০ তারিখঃ- ০৩/০৯/২০১৮ খ্রিঃ। |
| ৫. | যে কাজের জন্য দরপত্র/কাজের নাম | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর অধীন বিশ্বনাথ, বালাগঞ্জ, তাজপুর, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ, শেওলা, কানাইঘাট, জকিগঞ্জ, কালিগঞ্জ, জৈন্তাপুর, গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ এলএসডির শ্রম ও হস্তার্পন কাজ। |
| ৬. | প্যাকেজ ও লট পরিচিতি | প্যাকেজ নংঃ-১ লট সংখ্যা ঃ- ১২। |
| ৭. | কাজের সময়কাল | ২০১৮-১৯ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০১৯-২০ অর্থ বছর। |
| ৮. | কাজের পরিমাণ | দরপত্র শিডিউল মোতাবেক। |
| ৯. | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ১০. | দরপত্র তফসিলের মূল্য | ৫০০.০০ (পাঁচশত) টাকা প্রতি সেট। ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এ ১/৪৮৩১/০০০১/২৩৬৬ কোড এ মূল্য জমা দিয়ে চালানের মূল কপি জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। |
| ১১. | টেন্ডার সিকিউরিটি | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (প্রতি লট) |
| ১২. | পারফরমেন্স সিকিউরিটি | চুক্তি মূল্যের ৫%। |
| ১৩. | বাজেট বরাদ্দ ও তহবিলের উৎস | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ১৪. | দরপত্র দলিল বিক্রয়/ প্রাপ্তির স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এর হিসাব শাখা। |
| ১৫. | দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ | ২০/০৯/২০১৮ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৬. | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ২৩/০৯/২০১৮ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৭. | দরপত্র গ্রহণের স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এ রক্ষিত দরপত্র বাক্স। |
| ১৮. | দরপত্র দাতার অভিজ্ঞতা | খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর শ্রম ও হস্তার্পন কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট ডিডিও কর্তৃক ইস্যুকৃত হতে হবে। |
| ১৯. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | (ক) ২৩/০৯/২০১৮ খ্রিঃ বিকাল ৩ ঘটিকার সময় জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এর অফিস কক্ষে দরপত্রদাতা/দরপত্র দাতার প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) যোগ্যতা বিষয়ক প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক খোলা হবে এবং যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ণের জন্য বিকাল ৩.৩০ ঘটিকায় দরপত্র মূল্যায়ণ কমিটির (TEC) সভায় উপস্থাপন করা হবে।<br>(খ) যে সকল দরপত্রদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) বিবেচিত হবে কেবলমাত্র সেই সকল দরপত্রদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive দরপত্রদাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এর নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে। |
| ২০. | দরপত্র সম্পর্কিত তথ্য জানার জন্য | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট এর হিসাব শাখা |
| ২১. | দরপত্রের ধরণ | উন্মুক্ত দরপত্র (দুইখাম পদ্ধতি)। |
| ২২. | দরপত্রের মেয়াদ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন। |
| ২৩. | দরপত্র গ্রহণকারী কর্মকর্তার নাম, পদবী এবং টেলিফোন নং | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট। টেলিফোন নংঃ- ০৮২১-৭১৭১৪৩ |

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং এতদ্বীয় সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যেকোন বা সকল দরপত্র গ্রহণ/ প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(বিপ্লব চন্দ্র দাস)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট (ভাঃপ্রাঃ)
ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
ফোনঃ ০৮২১-৭১৭১৪৩

আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট আকারে ২কপি সত্যায়িত ছবিসহ প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক দরপত্র দলিল (যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম) যথাযথভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বরাবরে আবেদন করতে হবে।

ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (General Condition of Contract) ঃ

১। নিজ নামের/প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স ও নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয়পত্র।

২। শ্রম ও হস্তার্পন (হ্যান্ডলিং) কাজের নূন্যতম ২ বৎসরের সাম্প্রতিক কালের অভিজ্ঞতা সনদ।

৩। (ক) সংশ্লিষ্ট আয়কর বিভাগ হইতে টি,আই,এন (TIN) নম্বর সহ হাল সনের আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি। কোন ঠিকাদার উৎসে আয়কর কর্তন হইতে অব্যাহতি লাভ করিলে জাতীয় রাজস্ব বোর্ডের উপযুক্ত কর্তৃপক্ষ হইতে অব্যাহতি সনদ দাখিল করিতে হবে।
(খ) মূল্য সংযোজন কর নিবন্ধন পত্রের সত্যায়িত ফটোকপি।

৪। একক মালিকানার ক্ষেত্রে ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হইতে প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হফলনামা (এফিডেভিট) এর মূল কপি/ সত্যায়িত ফটোকপি।

৫। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত অংশীদারী দলিলের সত্যায়িত ফটোকপি।

৬। লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৭। ঠিকাদারগণ যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিলের সত্যায়িত কপি।

৮। দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র সমূহের ফটোকপি ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তার দ্বারা সত্যায়িত হতে হবে। যাতে সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল অবশ্যই থাকতে হবে। চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের স্বপক্ষে মূল কপি প্রদর্শন করতে হইবে।

৯। খাদ্য বিভাগের অতীত দায় দেনা সংক্রান্ত প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে হলফনামার মূল কপি।

১০। অতিরিক্ত পরিবহণ ঘাটতি/আত্মসাৎ ঘটনার সাথে জড়িত/সালিশী মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্থ হয়ে থাকলে বা কালো তালিকাভূক্ত হলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

১১। সালিশী মামলা নিস্পত্তির অপক্ষোয় আছে বা বিচারাধীন আছে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। তবে সালিশী মামলায় দোষী সাব্যস্থ হইলে চুক্তি সম্পাদন করা হবে না বা সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতি সেট দরপত্র দলিলের মূল্য অত্র কার্যালয়ের হিসাব শাখা হতে পাশ করিয়ে ট্রেজারী চালান মূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর যেকোন শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা করতে হইবে। ট্রেজারীর চালানের মূল কপি অত্র কার্যালয়ের হিসাব শাখায় জমা প্রদান পূর্বক দরপত্র সিডিউল সংগ্রহ করতে হবে। সিডিউল ক্রয়ের মূল রশিদ যোগ্যতা বিষয়ক প্রস্তাবেব সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র দলিল সংগ্রহ এবং দাখিল করতে হবে।

**১৩। একজন দরদাতা একাধিক লটের জন্য দরপত্র দাখিল করতে চাইলে আলাদা আলাদা যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিল না করে যেকোন একটি লটের জন্য যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আলাদা আলাদা আর্থিক প্রস্তাব পৃথক খামে দাখিল করে একটি বড় খামে সবগুলো লটের আর্থিক প্রস্তাব সীলগালা করে দাখিল করবেন। তবে সে ক্ষেত্রে অবশ্যই দরপত্র ক্রয়ের রশিদ যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।**

১৩। বর্ণিত বিষয়ে কেহ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাওয়ার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত কোন বিষয় কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরদাতা যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরম সুন্দরভাবে কালো কালিতে পূরণ/লিখিয়া বা টাইপ করিয়া নির্দিষ্ট স্থানে সীল মোহরসহ স্বাক্ষর করবেন। যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরমের সহিত সংযুক্ত সংক্ষিপ্ত ও বিস্তারিত দরপত্র বিজ্ঞপ্তি এবং চুক্তিপত্রের সকল তথ্য/শর্ত/ধারা ভালভাবে দেখিয়া/জানিয়া দরপত্র দাখিল করিয়াছেন মর্মে সম্মতি হিসাবে ও নমুনা চুক্তির প্রতি পাতায় দরদাতা কর্তৃক স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৫। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। শর্তযুক্ত, কাটা ছেড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরম যথাযথভাবে পূরণ এবং চাহিত কাগজপত্র সংযুক্ত না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(খ) দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Conditions of Contract) ঃ

১৭। ঠিকাদারের যোগ্যতাঃ

**ক) শ্রম ও হস্তার্পন (হ্যান্ডলিং) কাজে নুন্যতম দুই বছরের সাম্প্রতিক কালের অভিজ্ঞতা সনদ।** উক্ত অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা/নিয়োগকারী কর্তৃক ইস্যুকৃত হইতে হইবে।

খ) আবেদনকারীকে দরপত্রের সাথে নিজ নামে/প্রতিষ্ঠানের বার্ষিক গড় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার বেশি লেনদেন সংক্রান্ত ব্যাংক প্রতিবেদন (Bank Statement) দাখিল করিতে হইবে।

গ) আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে যেকোন তফশীলভূক্ত ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

ঘ) আবেদনকারীর নগদ ১(এক) লক্ষ টাকার নগদ অর্থ আছে মর্মে নিজস্ব লেটার হেড পেডে ঘোষণা দিতে হবে।

১৮। দরপত্র দাখিলের নিয়মাবলীঃ-

ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করিতে হইবে। ঠিকাদারের আবেদনসহ যোগ্যতা বিষয়ক প্রস্তাব একটি খামে এবং আর্থিক প্রস্তাব ভিন্ন একটি খামে অর্থাৎ দু'টি ভিন্ন ভিন্ন খামে করিয়া এবং যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামে উপরিভাগে মধ্যখানে **"ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব"** ও আর্থিক প্রস্তাবের খামে **"আর্থিক প্রস্তাব"**, প্যাকেজ নং ও লট নং এবং উভয় খামে ডারপার্শ্বে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এবং বামপার্শ্বে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখিয়া সবগুলো খাম একত্রিত করিয়া বড় একটি খামে সীলগালা করিয়া দাখিল করিতে হইবে। উক্ত বড় খামের উপরিভাগের মধ্যখানে "২০১৮-২০ মেয়াদে ..........নং প্যাকেজের ................নং লট

(..........................................এলএসডি) সিলেট এর শ্রম ও হস্তার্পন কাজের দপরত্র দাখিলের আবেদন" এবং ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এবং বামদিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখিতে হইবে।

খ) আর্থিক প্রস্তাব ফরমের সাথে কার্য তফসীলে **লট** ভিত্তিক প্রতিটি আইটেমের বিগত তিন অর্থ বছরের বাৎসরিক গড় কাজের আলোকে ২০১৮-২০ মেয়াদে সম্ভাব্য কাজের পরিমাণ উল্লেখ করা হয়েছে। দরদাতাকে প্রতিটি আইটেমের একক দর অংকে ও কথায়, মোট মুল্য (প্রাক্কলিত কাজের পরিমাণ X দরদাতা কর্তৃক প্রদত্ত প্রতি এককের মুল্য= মোট মূল্য) এবং সর্বমোট মূল্য (প্রতিটি আইটেমের মোট মূল্যের যোগফল) অংকে ও কথায় স্পষ্টভাবে লিখে দর দাখিল করতে হবে। আইটেম নং-১(ক) এ প্রদত্ত দর অপেক্ষা আইটেম নং- ৪ ও ৫ এর দর বেশি প্রদান করা যাবে না। প্রকাশ থাকে যে, দশমিকের পরে ২(দুই) অংকের বেশী ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যের ভিত্তিতে নিম্নদর মুল্যায়ণ বা সাব্যস্থ করা হবে। কোন আইটেমের দর দেওয়া না হইলে বা অসম্পূর্ণ থাকিলে বা অস্পষ্ট বা ঘষামাজা হইলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

**গ) ডিও ডেলিভারী এবং অন্য যে সকল আইটেমে সরকারি কাজ সংঘটিত হয় না (সরকারি বিল পরিশোধ করা হয় না) সে সকল আইটেম ব্যতীত অন্য সকল আইটেমের (সরকারি বিল পরিশোধ করা হয়) উদ্ধৃত দর বিবেচনা করে বিগত ০৩ (তিন) বছরের বাৎসরিক গড় কাজের সাথে যাচাইপূর্বক সর্বনিম্ন মোট দর নির্ধারণ করা হবে। আইটেম ভিত্তিক একক দর ও মোট দরের গড়মিল পরিলক্ষিত হলে একক দর গৃহীত হবে এবং সে অনুযায়ী মোট দর সংশোধিত হবে।**

(ঘ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অন্য কোন ডকুমেন্ট জমা দেয়া যাবে না।

ঙ) আর্থিক প্রস্তাব ফরম এর ০১ হতে ০৮ নং আইটেম পর্যন্ত প্রাইজ সিডিউলে আইটেম ভিত্তিক পৃথক দর দাখিল করতে হবে।

১৯। <u>টেন্ডার সিকিউরিটিঃ-</u>

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে প্রতি এলএসডির (প্রতি লটের) জন্য আলাদাভাবে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর অনুকূলে ক্রয় করে ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহণযোগ্য হবে না।

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত দরদাতা ব্যতিরেকে অন্যান্য অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার টেন্ডার সিকিউরিটির টাকা চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২০। <u>ঠিকাদার নির্বাচন ও বিল পরিশোধঃ-</u>

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব সঠিক পাওয়া গেলে তাঁর আর্থিক প্রস্তাব খোলা হবে এবং দাখিলকৃত দরদাতার সর্বনিম্ন দর মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক সুপারিশ ও Head Of The Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতি কেন্দ্রের জন্য ০১ (এক) জন করে ঠিকাদার নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(খ) প্রতি লটের জন্য সর্বনিম্ন দরে ১ জন করে ঠিকাদার নির্বাচন করার পর কোন নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) প্রাপ্ত সর্বনিম্ন দরের ঠিকাদারী কাজের বিল প্রচলিত নিয়মে পরিশোধ করা হইবে।

২১। <u>কার্য সম্পাদন জামানত (পারফরমেন্স সিকিউরিটি)ঃ-</u>

কৃতকার্য/নির্বাচিত দরদাতা তার প্রদত্ত দরের ৫% ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পারফরমেন্স সিকিউরিটি (কার্য সম্পাদন জামানত) বাবদ জমা দিয়ে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

২২। <u>চুক্তি সম্পাদনঃ-</u>

(ক) সর্বনিম্ন দরদাতাকে তার দেয় এলএসডির জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার হিসেবে নির্বাচিত করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং Letter of intent প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান পূর্বক ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৩। <u>চুক্তি সংশোধনঃ-</u>

ক) চুক্তিপত্রের মডেলের ১টি কপি যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সহিত সংযুক্ত থাকিবে। চুক্তিপত্রের মডেলে লিখিত সকল শর্তে কাজ করিতে সম্মত আছেন মর্মে নিশ্চয়তা হিসাবে দরদাতা চুক্তিপত্রের মডেলের প্রতি পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর করিবেন। উভয় পক্ষের সম্মতি ও সরকারের অনুমোদন স্বাপেক্ষে চুক্তি/চুক্তির যে কোন শর্ত/শর্তাদি সংশোধন/পরিবর্তন করা যাইবে।

খ) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য বা যেকোন পণ্য হ্যান্ডলিং সংক্রান্ত বা এতদসংক্রান্ত যেকোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ কার্য তফসীলের শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসাবে গণ্য হইবে।

২৪। <u>ঠিকাদারের জন্য বাধ্যবাধকতাঃ-</u>

ক) দরপত্র বিজ্ঞপ্তি (সংক্ষিপ্ত ও বিস্তারিত) কার্য তফসীল এবং এ সংক্রান্ত দলিল ইত্যাদি এই চুক্তির আওতাভুক্ত হিসেবে গণ্য হবে।

খ) চুক্তিবদ্ধ ঠিকাদার তার নিয়োজিত শ্রমিকদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নাম, পিতার নাম এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা সম্বলিত তালিকা জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট ও সংশ্লিষ্ট এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়ে দাখিল করবেন এবং নিয়োজিত শ্রমিকগণকে পরিচয়পত্র প্রদান করবেন। ব্যাজ ও পরিচয় ব্যতীত কোন শ্রমিককে গুদাম চত্বরে প্রবেশ করতে দেওয়া হবে না। ঠিকাদার সরকারী প্রয়োজনে পর্যাপ্ত শ্রমিক সরবরাহে বাধ্য থাকবেন।

গ) নিয়োগপ্রাপ্ত ঠিকাদারগণকে দাপ্তরিক যোগাযোগের সুবিধার্থে সিলেট শহরে ১টি লিয়াজো অফিস খুলতে হবে। উক্ত অফিসের পুর্ণ নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর কার্যালয়ে দাখিল করতে হবে।

ঘ) কোন দরদাতা চুক্তি সম্পাদনের পর কাজ পরিচালনায় ব্যর্থ হলে এবং চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ব্যর্থতায় ঠিকাদারী বাতিলসহ সরকারের ক্ষয়ক্ষতি হলে তার নিকট হতে ক্ষতিপূরণ আদায় করা হবে।

ঙ) কার্য তফসীলের সাথে সংযুক্ত অঙ্গীকারনামায় বর্ণিত অঙ্গীকার সমূহের জন্য দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে একখানা অঙ্গীকারনামা প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গীকারনামা ভবিষ্যতে কোন বিষয় বা অসত্য প্রমাণিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেওয়া হবে এবং ঠিকাদারী কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট কোন সময় পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

চ) হ্যান্ডলিং সংক্রান্ত সকল তথ্যাদি নথিভূক্ত রাখতে হবে। যাতে কর্তৃপক্ষের চাহিদামত দাখিল করা যাতে পারে।

২৫। <u>গোপনীয় প্রতিবেদনঃ-</u>

নির্ধারিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতিত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৬। ক্ষমতা সংরক্ষণঃ-

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। **অবাস্তব সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্রদাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ ৯৮ (২৩) মোতাবেক উক্ত দরপত্র বাতিল/তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

২৭। অভিযোগ ও আপিল ঃ

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপিল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ ও এর তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যেকোন বা সকল দরপত্র গ্রহণ/ প্রত্যাখ্যান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ

(বিপ্লব চন্দ্র দাস)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভাঃপ্রাঃ)
সিলেট
ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
ফোনঃ ০৮২১-৭১৭১৪৩
তারিখঃ- ০৩/০৯/২০১৮

স্মারক নং-১৩.০৭.৯১০০.০০৬.৩৪.০০৯.১৭. ২৬৪০ (১৪৭)

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক . . . . . . . . . . . . . . . . . . . বিভাগ (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিলেট। বহুল প্রচারের জন্য।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/চট্টগ্রাম/ঢাকা/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল। বহুল প্রচারের জন্য।
৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিপপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য খাদ্য অধিদপ্তরের ওয়েটসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। পুলিশ কমিশার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। বহুল প্রচারের জন্য।
৭। পুলিশ সুপার, সিলেট। বহুল প্রচারের জন্য।
৮। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/খুলনা। বহুল প্রচারের জন্য।
৯। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস এন্ড এম বিভাগ/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বহুল প্রচারের জন্য।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। বহুল প্রচারের জন্য।
১১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট। বহুল প্রচারের জন্য।
১২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট। বহুল প্রচারের জন্য।
১৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট। বহুল প্রচারের জন্য।
১৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক . . . . . . . . . . ...... . . . . . . (সকল)। বহুল প্রচারের জন্য।
১৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ খুলনা। বহুল প্রচারের জন্য।
১৬। ম্যানেজার . . . . . . . . . . . . . . . . . . . সিএসডি (সকল)। বহুল প্রচারের জন্য।
১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, . . . . . . . . . . . . . . . . . (সকল), সিলেট। বহুল প্রচারের জন্য।
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, . . . . . . . . . . . . . . . . . . . . . এলএসডি (সকল), সিলেট। বহুল প্রচারের জন্য।
১৯। প্রশাসন/ হিসাব/ মজুদ/ নিরীক্ষা/ নেজারত শাখা, অত্র দপ্তর।
২০। মেসার্স ............................................, শ্রম ও হস্তার্পন ঠিকাদার ...................................... এলএসডি, সিলেট।
২১। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২২। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
সিলেট